

আন-নাবা | An-Naba' | النَّبَأُ

আয়াতঃ ৭৮ : ১৮

আরবি মূল আয়াত:

يَوْمَ يُنْفَخُ فِي الصُّورِ فَتَأْتُونَ أَفْوَاجًا ﴿١٨﴾

অনুবাদসমূহ:

সেদিন শিঙ্গায় ফুঁক দেয়া হবে, তখন তোমরা দলে দলে আসবে। — আল-বায়ান

সেদিন শিঙ্গায় ফুঁক দেয়া হবে, আর তোমরা দলে দলে আসবে, — তাইসিরুল

সেদিন শিঙ্গায় ফুৎকার দেয়া হবে এবং তোমরা দলে দলে সমাগত হবে, — মুজিবুর রহমান

The Day the Horn is blown and you will come forth in multitudes — Sahih International

১৮. সেদিন শিঙ্গায় ফুঁক দেয়া হবে তখন তোমরা দলে দলে আসবে(১),

(১) অন্যান্য আয়াত থেকে জানা যায় যে, দু'বার শিঙ্গায় ফুৎকার দেয়া হবে। প্রথম ফুৎকারের সাথে সাথে সমগ্র বিশ্ব ধ্বংস প্রাপ্ত হবে এবং দ্বিতীয় ফুৎকারের সাথে সাথে পুনরায় জীবিত ও প্রতিষ্ঠিত হয়ে যাবে। এ সময় বিশ্বের পূর্ববর্তী ও পরবর্তী সব মানুষ দলে দলে আল্লাহর কাছে উপস্থিত হবে। এ স্থানে শিঙ্গার দ্বিতীয় ফুঁকের কথা বলা হয়েছে। এর আওয়াজ বুলন্দ হবার সাথে সাথেই প্রথম থেকে শেষ- সমস্ত মরা মানুষ অকস্মাৎ জেগে উঠবে।

[ফাতহুল কাদীর]

তফসীরে জাকারিয়া

১৮। সে দিন শিঙ্গায় ফুৎকার দেওয়া হবে অতঃপর তোমরা দলে দলে সমাগত হবে। [1]

[1] কেউ কেউ এর ভাবার্থ এটাও বলেছেন যে, প্রত্যেক উম্মত নিজের রসূলের সাথে কিয়ামতের দিন উপস্থিত হবে। এটা হবে দ্বিতীয় ফুৎকারের সময়, যখন সমস্ত মানুষ কবর থেকে জীবিত হয়ে বের হয়ে আসবে। আল্লাহ তাআলা আসমান হতে বৃষ্টি বর্ষণ করবেন। যাতে মানুষ উদ্ভিদের ন্যায় উদগত হবে। মানুষের মেরুদন্ডের (নিম্নভাগে) শেষাংশের হাড় ব্যতীত দেহের সব কিছু মাটিতে বিনষ্ট হয়ে যাবে। ঐ হাড় দ্বারা কিয়ামতের দিন সমস্ত সৃষ্টিকে পুনর্বীর গঠন করা হবে।

(সহীহ বুখারী সূরা নাবার ব্যাখ্যা পরিচ্ছেদ)

তফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=5690>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন